

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৩৮

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম যখন উল্লেখিত দু'আ করেছেন, তখন তিনি ওয়ু করে নিয়েছেন মর্মে বর্ণনা

ذكر البيان بأن المصطفى لَمَّا دَعَا لِأَهْلِ الْمَدِينَةِ بِمَا وَصَفْنَا تَوَضَّأُ للصلاة

আরবী

3738 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا الرَّبِعُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا النَّيْثِ بْنُ سُلِيمٍ الزُّرَقِيِّ اللَّيْثِ قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدِ عَنْ سَعِيدٍ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ عَمْرِو بْنِ سُليمٍ الزُّرَقِيِّ عَنْ عَاصِمٍ بْنِ عَمْرٍو عَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ ـ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ ـ أَنَّهُ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حَتَّى إِذَا كُنَّا بالحَرَّةِ بِالسُّقْيَا قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حَتَّى إِذَا كُنَّا بالحَرَّةِ بِالسُّقْيَا قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (ائتوني بوضُوءٍ) فَلَمَّا تَوَضَيَّا قَامَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ ثُمَّ كَبَّر ثُمَّ قَالَ: (اللَّهُمَّ إِنَّ عليه وسلم: (ائتوني بوضُوءٍ) فَلَمَّا تَوَضَيَّا قَامَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ ثُمَّ كَبَّر ثُمَّ قَالَ: (اللَّهُمَّ إِنَّ عَبْدُكُ وَرَسُولُكَ أَدْعُوكَ إِبْرَاهِيمَ كَانَ عَبْدُكُ وَرَسُولُكَ أَدْعُوكَ إِبْرَاهِيمَ كَانَ عَبْدُكُ وَرَسُولُكَ أَدْعُوكَ إِلْمُلِيلَةً أَنْ تَبَارَكَ لَهُمْ فِي مُدِّهِم وَصَاعِهِمْ مِثْلَ مَا باركت لأهل مكة مع البركة بركتين)

الراوي: عَلِيّ بْن أَبِي طَالِبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3738 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح الترغيب)) (11 ـ الحج/15 ـ في سكنى المدينة).

বাংলা

৩৭৩৮. আলী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে বের হই। অতঃপর যখন আমরা সুকইয়া নামক জায়গার পাথুরে এলাকায় আসি, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা আমার কাছে ওযূর পানি নিয়ে আসো।" অতঃপর যখন তিনি ওযূ করলেন, তখন তিনি দাঁড়িয়ে কিবলামুখী হন তারপর তাকবীর দেন। অতঃপর বলেন, "হে আল্লাহ, নিশ্চয়ই ইবরাহিম আলাইহিস সালাম আপনার বান্দা ও আপনার বন্ধু ছিলেন। তিনি মক্কাবাসীর জন্য বারাকাহর দু'আ



করেছেন। আর আমি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আপনার বান্দা ও রাসূল। আমি আপনার কাছে মাদীনাবাসীর জন্য দু'আ করছি এই মর্মে যে, আপনি তাদের মুদ ও সা'তে বারাকাহ দিবেন, যেভাবে আপনি মক্কাবাসীর জন্য বারাকাহ দিয়েছেন। এই বারাকাহর সাথে আরো দুই বারাকাহ দান করবেন।" [1]

ফুটনোট

[1] তিরমিয়ী: ৩৯১৪; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়ায়ী: ৭/৩৯০-৩৯১; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ৬/৪৮০-৪৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুত তারগীব: ১১, ১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন